

Prime Minister speaks to His Excellency Matemela Cyril Ramaphosa, President of South Africa

February 04, 2021

দক্ষিণ আফ্রিকার রাষ্ট্রপতি মাতেমেলা সিরিল রামাফোসার সঙ্গে প্রধানমন্ত্রীর কথা

ফেব্রুয়ারী 04, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী, দক্ষিণ আফ্রিকার রাষ্ট্রপতি মাতেমেলা সিরিল রামাফোসার সঙ্গে আজ টেলিফোনে কথা বলেছেন।

কোভিড – ১৯ মহামারীর ফলে যে সঙ্কট দেখা দিয়েছে এবং এই প্রেক্ষিতে তাঁরা নিজ নিজ দেশে টিকা সংক্রান্ত প্রচার নিয়েও কি কি ব্যবস্থা নিয়েছেন, তা নিয়ে আলোচনা করেছেন।

দক্ষিণ আফ্রিকার রাষ্ট্রপতির কাছে প্রধানমন্ত্রী, ওষুধ ও টিকা তৈরির যথেষ্ট ক্ষমতা ভারতের রয়েছে বলে জানিয়েছেন।

দুই নেতা বিভিন্ন আন্তর্জাতিক মঞ্চে ভারত ও দক্ষিণ আফ্রিকার সহযোগিতার বিষয় নিয়ে আলোচনা করেছেন। এর ফলে টিকা এবং ওষুধ আয়ত্বের মধ্যে পাওয়া যাবে।

দুই দেশের আধিকারিকরা আগামী দিনে পরস্পরের সঙ্গে যোগাযোগ রেখে চলবেন, মহামারীর বিরুদ্ধে ঐক্যবদ্ধ উদ্যোগের সম্ভাবনা এবং অভিজ্ঞতা বিনিময় নিয়ে যোগাযোগ রেখে চলার প্রসঙ্গে দুই নেতা সহমত পোষণ করেছেন।

নিউদিল্লি

ফেব্রুয়ারী 04, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.